

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-২৯২/২০১৯/ ১৩২৬৭

তারিখ: ১৬ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
০১ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

মীর আহমদপুর ফাজিল মাদ্রাসা, ডাকঘরঃ জমিদারহাট, উপজেলাঃ বেগমগঞ্জ, জেলাঃ নোয়াখালী-এর ফাজিল স্নাতক(পাস)বি,এ/বিএস.এস স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১২.০১.২০২৩ খ্রিঃ তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদ্রাসাটির ফাজিল স্নাতক (পাস) বি,এ/বিএস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০২৩ খ্রিঃ থেকে ২৬.০৪.২০২৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

১. মাদ্রাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদ্রাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি উল্লেখ করতে হবে।
২. মাদ্রাসার লাইব্রেরিতে ফাজিল শ্রেণির মূল কিতাবের সংখ্যা বৃদ্ধি করতে হবে।
৩. শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করে গাইড বই পরিহার করতে হবে।
৪. সকল শ্রেণিকক্ষ এবং ভবনের নাম বাংলার পাশাপাশি আরবিতে ও ইংরেজিতে লিখতে হবে।
৫. শ্রেণিকক্ষে যুগোপযোগী পাঠদানের জন্য শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
৬. “হৃদয়ে বঙ্গবন্ধু” কে বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধুর জীবন দর্শন সংক্রান্ত বই দ্বারা সমৃদ্ধ করে প্রতিটি শ্রেণিতে শিক্ষার্থীদের বঙ্গবন্ধু সম্পর্কে ধারণা দিতে হবে।
৭. ক্লাস চলাকালীন মাদ্রাসার গেইট বন্ধ রাখতে হবে।
৮. শিক্ষকদের ছুটি রেজিস্ট্রার সংরক্ষণ করতে হবে।
৯. আর্থিক বিষয়সমূহ অডিট কমিটি ও গভর্নিং বডির সভায় অনুমোদন নিতে হবে।
১০. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে



(ড. জাহেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

মীর আহমদপুর ফাজিল মাদ্রাসা


ডাকঘরঃ জমিদারহাট, উপজেলাঃ বেগমগঞ্জ, জেলাঃ নোয়াখালী।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-২৯২/২০১৯/ ১৩২৬৭

তারিখ: ১৬ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
০১ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, মীর আহমদপুর ফাজিল মাদ্রাসা, ডাকঘরঃ জমিদারহাট, উপজেলাঃ বেগমগঞ্জ, জেলাঃ নোয়াখালী।
৭. অফিস নথি।



(মুহাম্মদ লুৎফুর রহমান)

সেকশন অফিসার

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৯৭০-৮৭৭৮৭৮